

ঢাকা, ১১ অক্টোবর ২০২৩

প্রতি

প্রধান প্রতিবেদক/ বার্তা সম্পাদক

বিষয় : আগামী ১২ অক্টোবর (বৃহস্পতিবার) বিশ্ব ব্যাংক ও আইএমএফের দরিদ্র ও জলবায়ু বিপদাপন্ন দেশগুলোর উপর তথাকথিত উন্নয়নের নামে অন্যায় ঋণ ভার চাপিয়ে দেওয়ার প্রতিবাদে সকাল ১১ টা থেকে ১২টা পর্যন্ত জাতীয় প্রেসক্লাবের সম্মুখে আয়োজিত মানববন্ধনে আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের একজন সংবাদদাতা ও একজন ফটো সাংবাদিক প্রেরণ প্রসঙ্গে ।

প্রিয় মহোদয়,

ইকুইটিবিডি'র পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন ।

- ১। আশা করি, আপনি অবগত আছেন, চলতি মাসের ০৯-১৫ অক্টোবর পর্যন্ত মরক্কোর মারাকাশ শহরে বিশ্ব ব্যাংক (World bank) এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিল (International Monetary Fund-IMF) এর বাৎসরিক অধিবেশন চলছে । উল্লেখ্য যে, এ দুটি প্রতিষ্ঠান সারা বিশ্বে নব্য ঔপনিবেশিক তৎপরতা তথা ধনী দেশগুলোর দোসর হিসাবে কাজ করছে এবং দরিদ্র ও জলবায়ু বিপদাপন্ন দেশগুলোর উপর তথাকথিত উন্নয়নের নামে অন্যায় ঋণ ভার চাপিয়ে দিচ্ছে, যার ফলে দরিদ্র দেশগুলোতে ঋণ সংকট সৃষ্টি হয়েছে । এসকল ঋণের দায়ে জর্জরিত দেশগুলো বাধ্য হচ্ছে ঋণ পরিশোধের নামে তাদের সম্পদ ধনী দেশগুলোর হতে তুলে দিতে ।
- ২। এ অবস্থায় উক্ত অধিবেশনকে সামনে রেখে জলবায়ু পরিবর্তন এবং ঋণ বা দেনা বাতিলের এই ক্যাম্পেইন কার্যক্রমটি Asia Pacific Movement on Debt and Development - APMDD'র সমন্বয়ে সারা বিশ্বে সকল জলবায়ু বিপদাপন্ন দেশগুলোতে একযোগে পালিত হচ্ছে । বাংলাদেশও দরিদ্র ও জলবায়ু বিপদাপন্ন দেশ হিসাবে এবং ইতিমধ্যেই জলবায়ু ঋণ ভারাক্রান্ত হওয়ায় আমরা নাগরিক সমাজের পক্ষ থেকে বৈশ্বিকভাবে এই প্রচারণার প্রতি সংহতি জানাই এবং বাংলাদেশ সহ বিশ্বের সকল দেশের জলবায়ু সম্পর্কিত ঋণ বাতিলের দাবি জানিয়ে এবং প্রতিবাদ হিসেবে এই মানববন্ধনের আয়োজন করতে যাচ্ছি ।
- ৩। উক্ত কর্মসূচির কার্যক্রম ধারণ এবং আপনার বহুল প্রচলিত গণমাধ্যমে প্রচারের জন্য আগামী ১২ অক্টোবর (বৃহস্পতিবার) ২০২৩ তারিখে সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত মানববন্ধনে একজন সংবাদদাতা ও একজন ফটো সাংবাদিক প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করছি ।

আপনার সহযোগিতার প্রত্যাশায় ।

বিনীত

মোস্তফা কামাল আকন্দ

নেটওয়ার্কিং-সমন্বয়কারি -ইকুইটিবিডি

মোবাইল : ০১৭১১৪৫৫৫৯১

ই-মেইল : kamal@coastbd.net

